দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 AUG 1989
পৃষ্ঠা ... কলাম ...

৪৫

## বিসিএস সাধারণ শিক্ষা সমিতির আন্দোলন কর্মসূচী পুনরায় চালুর সিদ্ধান্ত

গতকাল (শুক্রবার) ঢাকা টিচার্স ট্রেনিং কলেজে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির এক বর্ধিত সভায় সমিতির আন্দোলনের স্থগিত কর্মসূচী পুনরায় চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়। সমিতি আগামী ৪ঠা সেপ্টেম্বর প্রতিবাদ দিবস পালন করিবে। এ উপলক্ষে ঐদিন ঢাকায় কেন্দ্রীয় সমাবেশ অনুষ্ঠিত হইবে। দাবী পুরণ না হইলে আগামী ২৯শে সেপ্টেম্বর বিশেষ

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### বিসিএস সাধারণ শিক্ষা

(১ম পৃঃ পর)

জাতীয় সম্মেলন অনুষ্ঠান এবং ৩০শে সেপ্টেম্বর শিক্ষাভবন ও সচিবালয়ের সামনে অবস্থান ধর্মঘট পালন করিবে। সমিতির সভানেত্রী অধ্যক্ষা রাশিদা বেগমের সভানেত্রীত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সমিতির দাবী দাওয়া লইয়া বিস্তারিত আলোচনা শেষে উক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। —প্রেস বিজ্ঞপ্তি।